**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 14-02-2026** **Time: 7.50 PM**

বিশেষ বিশেষ খবর –

১) রাজ্যে ভোটার তালিকার বিশেষ নীবিড় সংশোধন -SIR-এর শুনানিপর্ব আজ শেষ হয়েছে। ২৮-শে ফেব্রুয়ারী চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশিত হবে।

নির্বাচন কমিশন তার ক্ষমতা পূর্ণ ব্যবহার করছে না বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছেন।

২) তৃণমূল কংগ্রেস সরকারের আমলে দেশের মধ্যে এরাজ্যে সবচেয়ে বেশি স্কুল, শিক্ষক শূন্য বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী, তথা বিজেপি নেতা ধর্মেন্দ্র প্রধান অভিযোগ করেছেন।

রাজ্যে বেকার যুবক-যুবতীদের মধ্যে যুবসাথী আবেদনপত্র বিলির মাধ্যমে আবারও প্রতারণা করা হবে বলে বিজেপি দাবি করেছে।

৩) উত্তুরে বাতাসের গতিবেগ কমলেও রাজ্যের প্রায় সব জেলাতেই এখনও ভোরের দিকে শীতের আমেজ ।

৪) কেরালা ব্লাস্টার্সকে ২-০ গোলে হারিয়ে মোহনবাগান সুপারজায়েন্ট আই এস এল ফুটবলে তাদের অভিযান শুরু করেছে।

৫) ইডেনে আজ টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে ইংল্যান্ড পাঁচ উইকেটে স্কটল্যান্ডকে হারিয়ে দিয়েছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০০০

রাজ্যে ভোটার তালিকার বিশেষ নিবিড় সংশোধনী প্রক্রিয়া - এস আই আর-এর শুনানি পর্ব আজ শেষ হয়েছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল জানিয়েছেন সংবিধান নির্দিষ্ট ক্ষমতার মধ্যে থেকেই স্বচ্ছ ভোটার তালিকা তৈরির কমিশনের উদ্দেশ্য।

(বাইট – মনোজ কুমার আগরওয়াল)

ভুলভ্রান্তির কারণে যদি নাম চূড়ান্ত ভোটার তালিকায় বাদ পড়ে, তাহলে তারাও নিজেদের দাবি নির্বাচন কমিশনের কাছে জানাতে পারবেন বলে মুখ্য নির্বাচনী আধিকারিক জানিয়েছেন।

উল্লেখ্য, শুরু থেকে এপর্যন্ত এক লক্ষ ৪০ হাজার ভোটারের নাম অযোগ্য বলে চিহ্নিত হয়েছে। এর পরের ধাপে, নথিপত্র যাচাই ও নিষ্পত্তির কাজ শেষ করতে হবে ২১শে ফেব্রুয়ারির মধ্যে।

আগেই জানানো হয়েছে, পূর্ব-নির্ধারিত নির্ঘন্ট অনুসারে আজ চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের কথা থাকলেও সুপ্রিম কোর্টের নির্দেশ কার্যকর ক'রে সেই দিনক্ষণ পিছিয়ে দেওয়া হয়। ২৮ ফেব্রুয়ারি তা প্রকাশ করা হবে বলে গত মঙ্গলবার জানিয়েছিল নির্বাচন কমিশন।

oooooooooooooooooooooo

রাজ্যে SIR প্রক্রিয়ার শুনানিতে নির্বাচন কমিশন ও সুপ্রিম কোর্টের নির্ধারিত নথিই জমা পড়ছে কি না, জেলা শাসক তথা নির্বাচনী আধিকারিকদেরই তা সুনিশ্চিত করতে হবে বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে। সোমবার, ১৬ ফেব্রুয়ারি বিকেল ৫টার মধ্যে সব জেলা নির্বাচনী আধিকারিককে, জমা পড়া সমস্ত নথি নিজে যাচাই করে তা নিশ্চিত করতে হবে বলে গতকাল এক বৈঠকে নির্দেশ দেওয়া হয়।

জেলাশাসক, মুখ্য নির্বাচনী আধিকারিক, বিশেষ রোল পর্যবেক্ষক ও অন্যান্য রোল পর্যবেক্ষকদের সঙ্গে ভিডিও কনফারেন্সের মাধ্যমে ঐ বৈঠকে একাধিক নির্দেশ জারি করা হয়। আগামী মাসের গোড়ায় ডেপুটি নির্বাচন কমিশনার-সহ কমিশনের শীর্ষ কর্তাদের রাজ্য সফরের আগে এই বৈঠক ছিল বিশেষ তাৎপর্যপূর্ণ।

oooooooooooooooooooooo

নির্বাচন কমিশন তার ক্ষমতা পূর্ণ ব্যবহার করছে না বলে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী মন্তব্য করেছে। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন, শাসক দলের নির্দেশে ERO, AERO-দের একাংশ কাজ করলেও নির্বাচন কমিশন তাদের বিরুদ্ধে এখন কড়া কোন

ব্যবস্থা নিতে পারেনি। পাশাপাশি ডি এম-দের কাছ থেকে লিখিত নির্দেশ ছাড়া কোন কিছুই ভার্চুয়ালী না নেবার জন্য তিনি ERO, AERO-দের পরামর্শ দেন।

oooooooooooooooooooooo

SIR প্রক্রিয়ায় ভুয়ো ভোটারদের চিহ্নিত করার বিরোধীদের দাবির মধ্যেই পশ্চিম মেদিনীপুরের চন্দ্রকোনা পৌরসভার পাঁচ নম্বর ওয়ার্ডে প্রচুর পরিমাণে ভোটার কার্ড উদ্ধারের ঘটনার চাঞ্চল্য ছড়িয়েছে। ওই ওয়ার্ডের গোঁসাইবাজার এলাকায় আজ সকালে একটি নালার মধ্যে ভোটার কার্ড গুলি পড়ে থাকতে দেখা যায়। পরে পুলিশ গিয়ে উদ্ধার করে নিয়ে যায়। একসঙ্গে এত ভোটার কার্ড কোথা থেকে এলো তা খতিয়ে দেখা হচ্ছে।

ooooooooooooooooooo

তৃণমূল কংগ্রেস সরকারের আমলে দেশের মধ্যে এরাজ্যেই সবচেয়ে বেশি স্কুল, শিক্ষক শূন্য বলে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রী তথা বিজেপি নেতা ধর্মেন্দ্র প্রধান অভিযোগ করেছেন। আজ কলকাতায় দলীয় একটি অনুষ্ঠানে যোগ দিয়ে শ্রী প্রধান বলেন, দেশের ৭০ শতাংশ স্কুলেই যেখানে ইন্টারনেট রয়েছে, এরাজ্যে সেই হার মাত্র ১৬ শতাংশ।

(বাইট – ধর্মেন্দ্র প্রধান)

পশ্চিমবঙ্গে প্যারা টিচার থেকে শুরু করে স্থায়ী শিক্ষক সকলেই বঞ্চিত বলেও উল্লেখ করেন তিনি। ২৩ হাজার চাকরি বাতিল হওয়া নিয়ে রাজ্যের ভূমিকারও সমালোচনা করেন তিনি। শিক্ষামন্ত্রী বলেন, বারবার বলা সত্ত্বেও রাজ্যে জাতীয় শিক্ষানীতি চালু করা হচ্ছে না। বাংলার সরকার বাংলা ভাষায় পড়াশোনা করতে দিতে চায় না বলেও এদিন ধর্মেন্দ্র প্রধান মন্তব্য করেছেন।

oooooooooooooooooooooo

পার্শ্বশিক্ষক ঐক্য মঞ্চ সর্ব ভারতীয় স্তরে সব রাজ্যের জন্য বেতন কাঠামো চালুর দাবি জানিয়েছে। মঞ্চের আহ্বায়ক ভগীরথ ঘোষ জানিয়েছেন, কেন্দ্রের তরফে পাঠানো টাকা সবটাই আত্মসাৎ করে রাজ্য সরকার তাদের বঞ্চিত করছে। কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর কাছে বিষয়টি জানানো হয়েছে বলে জানান ভগীরথবাবু।

মাধ্যমিক শিক্ষক ও শিক্ষাকর্মী সমিতির সাধারণ সম্পাদক নীলকান্ত ঘোষ ২০১১-র আগে নিযুক্ত শিক্ষকদের টেট পাস করার সুপ্রিম কোর্টের নির্দেশ থেকে অব্যাহতির দাবি জানিয়েছেন। তিনি এই মর্মে কেন্দ্রীয় শিক্ষামন্ত্রীর হাতে স্মারকলিপি তুলে দেন।

oooooooooooooooooooooo

রাজ্যে বেকার যুবক-যুবতীদের মধ্যে যুব সাথীর আবেদনপত্র বিলির মাধ্যমে আবারো প্রতারণা করা হবে বলে বিজেপি দাবি করেছে। কলকাতায় আজ এক সাংবাদিক বৈঠকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী ২০১৩ সাল থেকে লাগাতার শিক্ষিত বেকার যুবক যুবতীদের সঙ্গে প্রতারণা করছেন। তিনি বেকারদের ওই আবেদন পত্র পূরণ করার পাশাপাশি বিজেপির দেওয়া চাকরি চাই বাংলা আবেদন পত্রটিও পূরণ করে জমা দেওয়ার আর্জি জানিয়েছেন।

(বাইট – শুভেন্দু)

oooooooooooooooooooooo

এরাজ্য সরকার ফের লক্ষ্মীর ভান্ডার প্রকল্পের জন্য আবেদনপত্র জমা নেওয়ার কাজ শুরু করছে। একই সঙ্গে যুবসাথী ও কৃষক বন্ধু প্রকল্পে নথিভূক্তিকরণের জন্য আবেদনপত্র বিলি করা হবে। এজন্য আগামীকাল থেকে ২৬-শে ফেব্রুয়ারী পর্যন্ত প্রত্যেক বিধানসভা কেন্দ্রে দুয়ারে সরকারের মতো শিবির হবে। পুরণ করা আবেদনপত্রও জমা নেওয়া হবে ওই শিবিরে। মুখ্য সচিব নন্দিনী চক্রবর্তী আজ প্রকল্পগুলি নিয়ে জেলাশাসকদের সঙ্গে ভার্চুয়াল বৈঠক করেছেন।

স্থির হয়েছে, প্রতিটি বিধানসভা কেন্দ্রে একাধিক শিবির করা হবে। প্রতিটি শিবিরেই নারী,শিশু, সমাজ কল্যাণ দফতর, কৃষি ও ক্ষুদ্র সেচ দফতরের আধিকারিকরাও উপস্থিত থাকবেন।

oooooooooooooooooooooo

রাজ্য সরকারী কর্মচারীদের পাওনা মহার্ঘ্যভাতা থেকে বঞ্চিত করা হচ্ছে বলে প্রবীণ কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী অভিযোগ করেছেন। আজ সাংবাদিকদের কাছে তিনি বলেন,  বকেয়া ডিএ-র দাবিতে সরকারী কর্মচারীরা বছরের পর বছর ধরে লড়াই করছেন। অথচ রাজ্য সরকার তাদের প্রাপ্য অন্যায়ভাবে মেটাচ্ছে না।

oooooooooooooooooooooo

উত্তর ২৪ পরগনার বরানগরে তোলার টাকা না পেয়ে ব্যবসায়ীকে মারধোরের অভিযোগ উঠেছে তৃণমূল কংগ্রেস নেতা প্রমোটার শঙ্কর রাউতের বিরুদ্ধে। জানা গেছে, বরানগর গোপাললাল ঠাকুর রোডে ব্যবসায়ী সুদীপ্ত ঘোষকে এক লক্ষ টাকা তোলা দিতে বলা হয়। তিনি সম্মত না হওয়ায় প্রথমে হুমকি দেওয়া হয়।  পরে তাকে তুলে নিয়ে গিয়ে

মারধোর করা হয় বলেও অভিযোগ। বরানগর থানায় লিখিত অভিযোগ দায়ের করেছেন ওই ব্যবসায়ী। এই ঘটনায় রাজ্যের শাসক দলকেই কটাক্ষ করেছেন বিজেপি নেতা সজল ঘোষ।

অন্যদিকে, স্থানীয় বিধায়ক সায়ন্তিকা ব্যানার্জী দাবি করেছেন, এই ঘটনার সঙ্গে রাজনীতির কোন যোগ নেই।

oooooooooooooooooooooo

শিবরাত্রী উপলক্ষ্যে রাজ্যের নানা প্রান্তে শিবমন্দিরগুলি সেজে উঠেছে। ভক্তদের সুবিধার কথা বিবেচনা করে আগামীকালের জন্য নানা প্রস্তুতি নেওয়া হয়েছে। উত্তরবঙ্গের প্রাচীন শিবমন্দিরগুলোর মধ্যে অন্যতম  জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির জল্পেশ মন্দির। এই মন্দির সংলগ্ন অঞ্চলে ১০ দিনের জল্পেশ মেলার সূচনা হল আজ বিকেলে। এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে জেলাপ্রশাসনের পক্ষ থেকে জেলাশাসক শমা পারভিন, সহ আধিকারিকগণ উপস্থিত ছিলেন। গোটা উত্তরবঙ্গ সহ, প্রতিবেশী রাজ্য আসাম, বিহার সহ প্রতিবেশী দেশ নেপাল, ভুটান,  থেকেও প্রচুর ভক্তের সমাগম  হয় এই মেলায়। হুগলীর তারকেশ্বরেও এই উপলক্ষ্যে নানা ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। পূর্ব রেল আগামীকাল ও সোমবার হাওড়া থেকে তারকেশ্বরের মধ্যে ১ জোড়া বিশেষ ট্রেন চালাবে।  ট্রেনটি হাওড়া থেকে দুপুর ২টো ৪৫ এ ছাড়বে। তারকেশ্বর থেকে ফিরতি ট্রেন ছাড়বে বিকেল চারটে পয়তাল্লিশে। কালনার ১০৮ শিব মন্দিরেও শিবরাত্রী উপলক্ষ্যে নানা প্রস্তুতি নেওয়া হয়েছে।

oooooooooooooooooooooo

উত্তুরে বাতাসের গতিবেগ কমলেও বায়ুপ্রবাহের গতিপথ না বদলানোর কারণে রাজ্যের প্রায় সব জেলাতেই এখনো ভোরের দিকে শীতের আমেজ রয়েছে । আগামী এক সপ্তাহ তাপমাত্রার বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তরের বিজ্ঞানী ডঃ অন্বেষা ভট্টাচার্য জানিয়েছেন।

(বাইট – অন্বেষা)

আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়, ১৬ দশমিক দুই ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে দেড় ডিগ্রী কম। সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ২৮ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস, স্বাভাবিকের চেয়ে একটু কম। ভারত মহাসাগর সংলগ্ন দক্ষিণ-পশ্চিম বঙ্গোপসাগরে সৃষ্ট ঘূর্ণাবর্তটি আগামী ৪৮ ঘণ্টার মধ্যে একটি নিম্নচাপে পরিণত হতে পারে তবে তার কোন প্রত্যক্ষ প্রভাব এ রাজ্যে পড়ার সম্ভাবনা আপাতত নেই ।

oooooooooooooooooooooo

গতবারের বিজয়ী মোহনবাগান সুপার জায়ান্ট জয় দিয়ে আইএসএল অভিযান শুরু করেছে। যুবভারতী ক্রীড়াঙ্গনে আজ মোহনবাগান ২-০ গোলে কেরালা ব্লাষ্টার্স কে হারিয়ে দিয়েছে। বিরতিতে মোহনবাগান ১-০ গোলে এগিয়ে ছিল।

আগামীকাল মহামেডান স্পোর্টিং,জামশেদপুর এফ সি, র বিরুদ্ধে খেলবে। জামশেদপুরের জেআরডি টাটা স্পোর্টস কমপ্লেক্সে খেলা শুরু হবে বিকেল পাঁচটায়।

ooooooooooooooooooooooo

ইডেনে আজ টি টোয়েন্টি বিশ্বকাপ ক্রিকেটে ইংল্যান্ড পাঁচ উইকেটে স্কটল্যান্ডকে পরাজিত দিয়েছে। জয়ের জন্য ১৫৩ রানের লক্ষ্য নিয়ে ব্যাট করতে নেমে ইংল্যান্ড ১৮ ওভার দু বলে পাঁচ উইকেটে প্রয়োজনীয় রান তুলে নেয়।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo